গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmedutrust.gov.bd

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮-৫৪৬৭

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়:** **: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ২০১৮-১৯ অর্থবছরের নৈতিকতা কমিটি'র ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভার তারিখ : ০২ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ; মঙ্গলবার; সময় সকাল: ১১.০০ মিনিট।
স্থান : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সভা কক্ষ (কক্ষ নং-২১৫)।
সভাপতি **: জনাব জান্নাতুল ফেরদৌস, উপ-পরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।**
সভার উপস্থিতি : পরিশিষ্ট **'ক'**।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ নৈতিকতা কমিটির বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**<br>বিগত ২৭ মার্চ ২০১৯ খ্রি, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে। | গত ২৭ মার্চ ২০১৯ খ্রি, তারিখের সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |
| ২.২ | **ট্রাস্টের সামগ্রিক কার্যক্রম পর্যালোচনা:**<br>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের সামগ্রিক কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করে বলেন যে, ২০১৮-২০১৯ অর্থবছরের অফিসিয়াল কার্যক্রমের পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক অভ্যন্তরীণ প্রশিক্ষণ, সেমিনার সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। উপবৃত্তি প্রদান কার্যক্রম, কর্মশালা আয়োজনসহ অন্যান্য কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হয়েছে। প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক এর সুষ্ঠু ব্যবস্থাপনায় শূন্য পদে জনবল নিয়োগসহ ট্রাস্টের সার্বিক কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে।<br>তিনি আরো বলেন যে, ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের স্ব-দায়িত্ব ও কর্তব্য নৈতিকতার সাথে পরিচালন ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা নিয়মিতভাবে সম্পনা করা হচ্ছে।<br>২০১৮-১৯ অর্থবছরের কার্যক্রম সকলের সহযোগীতায় সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সভাপতি সন্তোষ পোষণ করেন। এছাড়াও, ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সকলকে নিজ নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। | (ক)২০১৮-১৯ অর্থবছরের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br>(খ) ২০১৯-২০ অর্থবছরে নৈতিকতা ও শুদ্ধাচার কার্যক্রম সম্পর্কে প্রয়োজনীয় সংখ্যক মতবিনিময় সভা/ সেমিনার/ ওয়ার্কসপ/প্রশিক্ষণ আয়োজন করা হবে। | ব্যবস্থাপনা পরিচালক |
| ২.৩ | **বিবিধ:**<br>সদস্য-সচিব সভাকে আরো অবহিত করেন যে, ট্রাস্টের কার্যক্রম ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন ও স্ক্রোল প্রচার করা যেতে পারে; দপ্তরের সিটিজেন্স চার্টার আপডেট করে অফিসের নির্ধারিত স্থানে স্থাপন করা এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে একটি বিলবোড অফিসের সামনে স্থাপন করা যেতে পারে।<br>সদস্য-সচিব সভায় আরো অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র সভা প্রতি মাসে নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে। কিন্তু মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তরে নৈতিকতা ও জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র সভা প্রতি তিন মাস অন্তর অন্তর অনুষ্ঠিত হয় বিধায় ২০১৯-২০ অর্থবছর থেকে উক্ত কমিটি'র সভা প্রতি তিন মাস অন্তর অন্তর এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র সভা প্রতি মাসে অনুষ্ঠিত হওয়ার ব্যাপারে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি উপরোক্ত প্রস্তাবের প্রতি সহমত প্রকাশ করেন এবং ২০১৮-১৯ অর্থবছরে ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও, ট্রাস্টের সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনসহ | ২০১৯-২০ অর্থবছরের সিটিজেন্স চার্টার প্রণয়ন করে ওয়েবসাইটে প্রদানসহ অফিসের নির্ধারিত স্থানে স্থাপন এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে একটি বিলবোর্ড অফিসের সামনে স্থাপন করা হবে। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |

৩.০ সভাপতি বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিতির জন্য পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জান্নাতুল ফেরদৌস)
উপ-পরিচালক (উপসচিব)
ফোন: ০২-৫৫০০০৪২৫
e-mail: dd@pmedutrust.gov.bd

**বিতরণ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সহকারী পরিচালক (উপবৃত্তি/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৪। ব্যক্তিগত সহকারী (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫। অফিস সহারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৬। ডাটা এন্ট্রি অপারেটর/কন্ট্রোল অপারেটর (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৬.১৩০.১৮-**৫৪৬৭**

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপ-পরিচালক (উপসচিব),প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৩। উপ-সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৬। অফিস কপি।

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ০২-৯১২২৫২৪
e-mail: ad.planning@pmedutrust.gov.bd